

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, আগস্ট ১৩, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

অভ্যন্তরীণ বাণিজ্য-১ শাখা

আদেশ

তারিখ, ২৩ শ্রাবণ, ১৪২১ বঙ্গাব্দ/৭ আগস্ট, ২০১৪ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ২১৩-আইন/২০১৪—Imports and Exports (Control) Act, 1950 (Act No. XXXIX of 1950) এর section 3 এর sub-section (1) এ থদত্ত ক্ষমতাবলে সরকার, আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত আদেশের অনুচ্ছেদ ২৪ এর উপ-অনুচ্ছেদ (৩৯ক) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৩৯ক) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(৩৯ক) ফরমালডিহাইড, ফরমালডিহাইড সলিউশন, মিথানল সলিউশন, মিথালাইলডিহাইড, মিথালাইলডিহাইড সলিউশন, প্যারাফরমালডিহাইড, প্যারাফরমালডিহাইড সলিউশন, প্যারাফরম, ফরমাজিন, ফরমল, মরবিসিড ও ফরমালিন—নিম্নবর্ণিত শর্তে ফরমালডিহাইড, ফরমালডিহাইড সলিউশন, মিথানল সলিউশন, মিথালাইলডিহাইড, মিথালাইলডিহাইড সলিউশন, প্যারাফরমালডিহাইড, প্যারাফরমালডিহাইড সলিউশন, প্যারাফরম, ফরমাজিন, ফরমল, মরবিসিড ও ফরমালিন, অতঃপর এই উপ-অনুচ্ছেদে “উক্ত পণ্য” বলিয়া উল্লিখিত, আমদানিযোগ্য হইবে, যথা :—

- (ক) বাণিজ্য মন্ত্রণালয়ের পূর্বানুমোদনক্রমে উক্ত পণ্য আমদানি করিতে হইবে;
- (খ) উক্ত পণ্য আমদানিকারকগণকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সুপারিশসহ বাণিজ্য মন্ত্রণালয়ের নিকট অনুমতির জন্য আবেদন করিতে হইবে;

( ১৬৮০৯ )

মূল্য : টাকা ৪.০০

- 
- (গ) উক্ত পণ্য আমদানিকারকগণকে ক্রেতাদের নিকট উক্ত পণ্য বিক্রয়ের হিসাব এতদুদ্দেশ্যে সংরক্ষিত বিক্রয় রেজিস্টারে লিপিবদ্ধ করিতে হইবে; এবং
- (ঘ) বাণিজ্য মন্ত্রণালয় বা সরকার কর্তৃক নির্দেশিত কর্তৃপক্ষ, সময় সময়, আমদানিকারকগণের উক্ত বিক্রয় রেজিস্টার পরীক্ষা করিয়া দেখিবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
খন্দকার ফাতেমা বেগম  
যুগ্ম সচিব।